গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
রাজশাহী কলেজ, রাজশাহী

e-mail: rajshahicollegebd@gmail.com, website: www.rc.gov.bd
online news portal: rcbarta.com

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৬. ৫৮৫ তারিখ ঃ ৩০ চৈত্র ১৪৩২ ব:
১৩ এপ্রিল ২০২৬ খ্রি.

**২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন এবং কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্তদের ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি**

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন এবং কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ১৬/০৪/২০২৬ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd/admissions এ প্রবেশ করে চূড়ান্ত আবেদন ফরমটি যথাযথভাবে পূরণপূর্বক ০২(দুই) কপি (৮.৫″ × ১১″) সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট নেয়ার পর রাজশাহী কলেজে ভর্তির নিমিত্তে http://rc.gov.bd ওয়েবসাইটে Online Admission লিংকে প্রবেশ করে ভর্তির নির্দেশনা ও সময়সূচি মোতাবেক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। কলেজে ভর্তির বিষয়ে কলেজ ওয়েবসাইটে অনলাইন ভর্তির নির্দেশিকা থেকে বিস্তারিত তথ্য জানা যাবে।

উল্লেখ্য যে, কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন হলে তার পূর্বের বিষয়ের ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তিত বিষয়ে তার ভর্তি নিশ্চিত হবে। তবে কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন না হলে তার পূর্বের বিষয়ে ভর্তি বহাল থাকবে। **বিষয় পরিবর্তনের জন্য শিক্ষার্থীকে প্রযোজ্য ক্ষেত্রে ভর্তির ফি বিভাগে সমন্বয় করতে হবে।**

**বিশেষ নোটঃ যে সকল শিক্ষার্থীর বিষয় পরিবর্তন হবে উক্ত শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd/admissions হতে পরিবর্তিত বিষয়ের ভর্তি ফরম ডাউনলোড পূর্বক ১৫/০৪/২০২৫ থেকে ১৬/০৪/২০২৬ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।**

১। **ভর্তির সময়সূচি, প্রয়োজনীয় কাগজপত্র যাচাই-বাছাই ও স্থান ঃ**

| প্রয়োজনীয় কাগজপত্র যাচাই-বাছাই এবং ভর্তি | তারিখ | বিষয়ের নাম | সময় | স্থান |
|---|---|---|---|---|
| প্রয়োজনীয় কাগজপত্র যাচাই-বাছাই | ১৫/০৪/২০২৬ | সকল বিষয় | সকাল ১১ টা থেকে বেলা ১ টা পর্যন্ত | শিক্ষক মিলনায়তন |
| ভর্তি | ১৬/০৪/২০২৬ | সকল বিষয় | সকাল ৯ টা থেকে বেলা ২ টা পর্যন্ত | স্ব স্ব বিভাগ |

২। **ভর্তির নিয়মাবলী:**

(ক) প্রথমে ডাচবাংলা (DBBL) মোবাইল ব্যাংকিং পদ্ধতির নিচে প্রদত্ত নির্দেশনা মোতাবেক **Admission Roll** এর বিপরীতে বিষয়ভিত্তিক নির্দিষ্ট ফিসের টাকা আগামী **১৬/০৪/২০২৬** তারিখ জমা দিতে হবে। কলেজ ওয়েবসাইট-এ নোটিশ বোর্ড, Admission Fee এর বাটন অথবা *https://rc.edu.bd/preli2masters-admission-fees/* লিংক হতে ফি'র পরিমাণ জানা যাবে।

**DBBL মোবাইল ব্যাংকিং এর নিয়মাবলী:**

১. যেসকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট রয়েছে,সেই মোবাইল থেকে *322# ডায়াল করে DBBL মোবাইল ব্যাংক মেনুতে যান
২. পেমেন্ট 1 (One) সিলেক্ট করুন
৩. নিজের মোবাইল থেকে হলে 1 (One) সিলেক্ট করুন। অন্য মোবাইল থেকে হলে Other 2 (Two) সিলেক্ট করুন
৪. অন্য মোবাইল থেকে হলে নিজের মোবাইল নম্বর দিন (Enter Student Mobile Number)
৫. Other 0 (Zero) সিলেক্ট করুন
৬. রাজশাহী কলেজের Biller ID 304 টাইপ করুন
৭. Bill No-এ আপনার **Admission roll** দিন।
৮. টাকার পরিমাণ লিখুন
৯. চার ডিজিটের PIN টাইপ করুন
১০. OK/Send বাটন চাপুন
১১. পেমেন্ট সফলভাবে সম্পন্ন হলে আপনি DBBL থেকে TrxID যুক্ত একটি মেসেজ পাবেন এবং স্বয়ংক্রিয়ভাবে আপনার ভর্তি সম্পন্ন হবে। এবং ভর্তির লিংক এ গিয়ে আপনার পেমেন্ট স্লিপ ডাউনলোড করুন।

**** রকেট app এর Bill Pay অপশন ব্যবহার করেও ফি পরিশোধ করা যাবে।**

(খ) ডাচবাংলা মোবাইল ব্যাংকিং পদ্ধতিতে **Admission Roll** এর বিপরীতে পেমেন্ট করলেই ভর্তি হয়ে যাবে। এরপর রাজশাহী কলেজে ভর্তির নিমিত্তে *https://rc.gov.bd/admission-formfillup/* wjs‡Ki **Preli to Masters Admission** লিংকে প্রবেশ করে Admission roll দিয়ে Next বাটন ক্লিক করলে ভর্তির তথ্য উন্মুক্ত হবে এবং সেখান থেকে Admission Confirmation Slip ও Student Admission Form ডাউনলোড করে প্রয়োজনীয় কাগজ-পত্রসহ স্ব স্ব বিভাগে জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। ।

(গ) কলেজে ভর্তির বিষয়ে কলেজ ওয়েবসাইটে অনলাইন ভর্তির নির্দেশিকা থেকে বিস্তারিত জানা যাবে।

৪। অনলাইন প্রিন্ট কপির সঙ্গে যে সকল কাগজ সংযুক্ত করতে হবে তার বিবরণ এবং অন্যান্য নির্দেশনা:

ক) এস.এস.সি/সমমান, এইচ.এস.সি/সমমান, স্নাতক(পাস)/সম্মান পাশের সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি।

খ) স্নাতক(পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি-১ কপি করে।

গ) আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করে সদ্য তোলা পাসপোর্ট আকারের সত্যায়িত ১ কপি রঙিন ছবি সংযুক্ত করে জমা দিতে হবে।

ঘ) সকল শিক্ষাগত যোগ্যতার রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি।

ঙ) ভর্তির আবেদন ফরমের Student কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ শিক্ষার্থীকে সংশ্লিষ্ট বিভাগ ফেরত দিবে।

চ) DBBL মোবাইল এ্যাকাউন্টে টাকা জমা দিয়ে প্রাপ্ত TrxID এবং admission www.rc.edu.bd ওয়েবসাইটে online admission Login অপশনে প্রবেশ করে রেফারেন্স ID এবং নিজস্ব পাসওয়ার্ড ব্যবহার পূর্বক Confirmation Slip ডাউনলোড কপি প্রিন্ট করে তা আবেদনপত্রের সঙ্গে বিভাগে জমা দিতে।

**ছ) মুক্তিযোদ্ধা (FQ) কোটার ক্ষেত্রে**

১। মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদের মূল কপিসহ ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);

২। মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং এসএসসির সনদের ফটোকপি বা এসএসসি (পাস) না হলে অনলাইন জন্মনিবন্ধনের মূল ও ফটোকপি;

৩। **মুক্তিযোদ্ধার অনলাইন থেকে ডাউনলোডকৃত মুক্তিযোদ্ধার বিস্তারিত তথ্য যেখানে স্বামী/স্ত্রীর নামসহ পোষ্যদের নাম অর্ন্তভুক্ত রয়েছে;**

৪। শিক্ষার্থীর জন্মনিবন্ধনের মল কপিসহ ফটোকপি।

৫। গেজেটে কপিতে যে পাতায় মুক্তিযোদ্ধার নাম উল্লেখ রয়েছে তার এক কপি ফটোকপি।

**জ) প্রতিবন্ধী ও অন্যান্য কোটার ক্ষেত্রে**

১। সমাজকল্যাণ অধিদপ্তর কর্তৃক মুল সনদ ও তার ফটোকপি

**ঝ) অন্যান্য কোটার ক্ষেত্রে**

১। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/উপজেলা নির্বাহী কর্মকর্তা/জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্রের মুলকপি।

৫। ভর্তির সময় অবশ্যই বিভাগীয় প্রধানকে সকল সনদের মূলকপি প্রদর্শন করতে হবে। এতে ব্যর্থ হলে আবেদনকারী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে। অসম্পূর্ণ/ভুল/মিথ্যা তথ্য সম্বলিত/প্রয়োজনীয় কাগজপত্র ছাড়া ভর্তি বাতিল বলে গণ্য হবে।

বিদ্র: কোন শিক্ষার্থী একই সাথে ও সময়ে/শিক্ষাবর্ষে একই/বিভিন্ন শ্রেণিতে/ভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন ও পরীক্ষায় অংশগ্রহণ করলে তার ক্ষেত্রে ভর্তি ও পরীক্ষার ফলাফল (যদি থাকে) দ্বৈতভর্তিজনিত কারণে বাতিল বলে গণ্য হবে।

অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৬. ৫৬৫ (২৭)

তারিখ ঃ ৩০ চৈত্র ১৪৩২ ব:
১৩ এপ্রিল ২০২৬ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। বিভাগীয় প্রধান, সংশ্লিষ্ট সকল বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী। **ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ভর্তি সংক্রান্ত ডাটা অনলাইনে নিশ্চয়নের লক্ষ্যে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের আবেদন পত্রসহ সংখ্যা তালিকা এবং শূন্য আসনের তালিকা আগামী ১৯/০৪/২০২৬ তারিখ বেলা ১:০০ টার মধ্যে ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে;**

২। আহ্বায়ক, প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কমিটি ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী।

৩। আইসিটি, রাজশাহী কলেজ, রাজশাহী।

৪। ম্যানেজার, ডাচবাংলা মোবাইল ব্যাংক, রাজশাহী/ম্যানেজার, ডাচবাংলা ব্যাংক লিঃ, অলকার মোড়, রাজশাহী।

৫। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী।

৬। সংরক্ষণ নথি।

অধ্যক্ষ ১৩/০৪/২০২৬
রাজশাহী কলেজ, রাজশাহী।
১৩/০৪/২৬